ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়

ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিনের ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এমএস প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিনে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এমএস ইন ফরেস্ট্রি প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ভর্তির যোগ্যতাঃ

১। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় /ইনিস্টিটিউট হতে ফরেস্ট্রি অথবা সমমান বিষয়ক ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।

২। প্রার্থীকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/বিভাগ/সমমানের গ্রেড (CGPA-2.50) পেয়ে স্নাতক ডিগ্রীধারী হতে হবে।

৩। অ্যাপিয়ার্ড সার্টিফিকেট দিয়ে আবেদন করা যাবে তবে ক্লাস শুরুর পর থেকে ০২ (দুই) মাসের মধ্যে প্রয়োজনীয় সনদ জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে নিজ প্রতিষ্ঠানের নিযোগকর্তার নিকট হতে এই মর্মে সনদপত্র সংযোজন করতে হবে যে, অধ্যয়নকালীন ক্লাশে যোগদানের এবং শিক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য প্রার্থী ০৩ (তিন) টার্ম ব্যাপী (১৮) মাস সময়কাল ছুটি প্রাপ্ত হবেন।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

১। ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্র (ফরম) ডিসিপ্লিন প্রধানের অফিস হতে সংগ্রহ করতে হবে।

২। ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি প্রদান করতে হবে।

৩। নাগরিকত্ব সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার গ্রেডশীট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি জমা দিতে হবে।

৪। প্রধান, ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় ১,০০০/-(এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদান করতে হবে।

৫। ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যর জন্য অফিস চলাকালীন মোবাইলে (০১৭২৪০৩৯৮১৪) যোগাযোগ করা যেতে পারে।

৬। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিশ্ববিদ্যালয় এবং ডিসিপ্লিন চার্জ প্রদান করতে হবে।

ভর্তি সংক্রান্ত তারিখসমূহঃ

আবেদন পত্র বিতরণ ও জমাদান :	১৭/১১/২০২৬ খ্রি. থেকে ২০/১২/২০২৬ খ্রি.তারিখ পর্যন্ত
যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ :	২১/১২/২০২৬ খ্রি. তারিখ
ভর্তি পরীক্ষা গ্রহণ (লিখিত এবং মৌখিক) :	২৩/১২/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা লিখিত পরীক্ষা- (১ ঘন্টা ব্যাপী)
নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ :	২৭/১২/২০২৬ খ্রি. তারিখ
ভর্তি গ্রহণঃ	০৩/০১/২০২৭ খ্রি. থেকে ০৬/০১/২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত

কোর্স রেজিস্ট্রেশন ও ক্লাস শুরুর বিস্তারিত তথ্য পরবর্তীতে জানানো হবে।

উল্লেখ্য যে, ভর্তি কমিটি ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নেয়ার অধিকার সংরক্ষণ করে।

১৬.১১.২০২৬

(প্রফেসর ড. মোঃ নবীউল ইসলাম খান)
সভাপতি, এমএস ভর্তি কমিটি ২০২৬-২০২৭
ও
ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়
মোবাইল নং: ০১৭১৫৩৩১৬৫২
ই-মেইলঃ head@fwt.ku.ac.bd